



তারিখ: ০৬ বৈশাখ ১৪২৮
২১ এপ্রিল ২০২১

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৪.২০২১- ২৫২

বিষয় : দেশের কারাগারগুলোতে করোনা ভাইরাস মোকাবেলার জন্য বিভিন্ন বিভাগে স্থাপিত কারা আইসোলেশন সেন্টারগুলো সর্বদা প্রস্তুত রাখা প্রসঙ্গে।

সারাদেশে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় কারাগারসমূহে করোনা ভাইরাস আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পেতে পারে। কারাগারে করোনা ভাইরাস আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পেলেও যাতে তাদের যথাযথ চিকিৎসা সেবা প্রদান করা সম্ভব হয় সেজন্য সারাদেশে নিম্নোক্ত ০৮টি কারা আইসোলেশন সেন্টার প্রস্তুত রাখার জন্য নির্দেশ প্রদান করা হয়েছিল।

(১)ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ (মহিলা কারাগার) (২) কিশোরগঞ্জ পুরাতন জেলা কারাগার (৩) মাদারীপুর পুরাতন জেলা কারাগার (৪)পিরোজপুর পুরাতন জেলা কারাগার (৫)সিলেট পুরাতন কেন্দ্রীয় কারাগার (৬) ফেনী পুরাতন জেলা কারাগার (৭) দিনাজপুর জেলা কারাগার (অব্যবহৃত অংশ) (৮) রাজশাহী কেন্দ্রীয় কারাগার (ডিআইজি বাংলা)।

কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, উপরোল্লিখিত ০৮টি কারা আইসোলেশন সেন্টারের কোনোটিই যথাযথভাবে প্রস্তুত রাখা হয়নি। কয়েকটি কারা আইসোলেশন সেন্টার এর যে স্থিরচিত্র পাওয়া গেছে তা হতাশাব্যঞ্জক।

অতএব, উপরোল্লিখিত অবস্থার প্রেক্ষিতে বর্ণিত ০৮টি কারা আইসোলেশন সেন্টার যথাযথভাবে প্রস্তুত রাখার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো। একইসাথে কারা আইসোলেশন সেন্টারগুলো যথাযথভাবে প্রস্তুত করে তার ভিডিও এবং স্থিরচিত্র আগামী ২৪/৪/২০২১ তারিখের মধ্যে কারা অধিদপ্তর, ঢাকায় প্রেরণ নিশ্চিত করার জন্যও নির্দেশ প্রদান করা হলো।

মোঃ মোমিনুর রহমান আমন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা
ফোন: ৫৭৩০০৪৪৪ (দপ্তর)
ig@prison.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে)

১. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ।
২. প্রকল্প পরিচালক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
৩. সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয় কারাগার।
৪. জেল সুপার, সকল জেলা কারাগার।
৫. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা।
৬. পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
৯. প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
১০. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
১১. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক (স:দ:) মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২. গার্ড ফাইল।